শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**উপজেলা পরিষদ**
**ওসমানীনগর, সিলেট**
**উপজেলা পরিষদের ৮৮তম সাধারণ সভার কার্যবিবরণি**

<u>জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি</u>

সভাপতি ঃ জনাব মোঃ শামীম আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
সভার তারিখ ও সময় ঃ ১১ জুলাই ২০২৪, সকাল ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ "বৈঠক"।

<u>সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য</u>।

জনাব মোঃ শামীম আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও অদ্যকার সভার সভাপতি তার প্রারম্ভিক বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানান। স্বাগত ভাষণ শেষে তিনি জনাব অনুপমা দাস, উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর, সিলেট'কে সভা পরিচালনার আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সবাই'কে শুভেচ্ছা জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণি পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | **বিভিন্ন বিভাগের কার্যাবলী ঃ** | | | |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় প্রতি মাসে ইউনিয়ন পরিষদ সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী দশ কার্যদিবসের মধ্যে প্রেরণের আহবান জানান। | | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রতি মাসে ইউনিয়ন পরিষদ সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী দশ কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আকস্মিক বন্যায় ১১৫ কিঃমিঃ পাকা সড়ক ক্ষতিগ্রস্থ হয়েছে যার আনুমানিক মূল্য প্রায় ১২০ কোটি টাকার বেশি। জরুরী মোবাইল ম্যানটেইন্যান্স অগ্রাধিকার ভিত্তিক করার ব্যবস্থা করা হবে। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে জরুরী রাস্থার তালিকা প্রেরণের আহবান জানান। তাজপুর ও গোয়ালাবাজার ইউনিয়ন পরিষদ ভবন একনেকে অনুমোদন হয়েছে এবং সাদিপুর ও বুরুঙ্গাবাজার ইউনিয়ন পরিষদের জমি অধিগ্রহণ প্রয়োজন বিধায় অনুমোদন হয়নি মর্মে জানান। উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল প্রকল্পের আওতায় নিম্ন বর্ণিত প্রকল্প সমূহ দাখিল করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। ১। ওসমানীনগর উপজেলা পরিষদ এর অভ্যন্তরে ও পরিষদ সংলগ্ন রাস্তায় ৭৮৫ মিটার ড্রেইন নির্মাণ ২। সাদিপুর ইউনিয়নের খসরুপুর বাজার সংলগ্ন ইসলামপাড়া জামে মসজিদ হতে কুশিয়ারা নদী পর্যন্ত ১৬৫ মিটার ড্রেইন নির্মাণ ৩। উমরপুর ইউনিয়নের খাদিমপুর নিউ মার্কেট হতে খাদিমপুর পূর্বপাড়া বায়া মেলিটারী খাল পর্যন্ত ৩৩৫ মিটার ড্রেইন নির্মাণ ৪। গোয়ালাবাজার গ্রামতলা এলজিইডি সড়কের পাশে ৮৫ মিটার ড্রেইন নির্মাণ ৫। তাজপুর ইউনিয়নের উদরকোনা (পালপাড়া) বাজার সংলগ্ন জামে মসজিদে ওয়াসব্লক নির্মাণ ৬। উমরপুর ইউনিয়নের আব্দুল্লাহপুর ইতালী বাড়ি বাজার সংলগ্ন জামে মসজিদে ওয়াসব্লক নির্মাণ ৭। সাদিপুর ইউনিয়নের ইব্রাহিমপুর বাজার সংলগ্ন শাহজালাল জামে মসজিদে ওয়াসব্লক নির্মাণ।<br>চেয়ারম্যান, উমরপুর ইউনিয়ন পরিষদ সভায় ইউনিয়নের জনগুরুত্বপূর্ন রাস্তাসমূহ মেরামতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>১.২) বন্যা পরবর্তী সময়ে উপজেলার জনগুরুত্বপূর্ণ মেরামতযোগ্য রাস্তা ও ব্রীজসমূহ জরুরী ভিত্তিতে অগ্রাধীকার ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.৩) উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) প্রকল্পের আওতায় দাখিলকৃত ০৭টি প্রকল্প বাস্তবায়নে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় মান্দারুকা খাদিমপুর রাস্তা মেরামত ও প্রশস্তকরণ এবং গোয়ালাবাজার খাদিমপুর সড়ক মেরামতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উছমানপুর ইউনিয়ন পরিষদ সভায় রাস্তার কালভার্ট উন্মুক্ত রাখা বা দখলমুক্ত করার আহবান জানান। | | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রমসহ বর্হিঃ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বন্যা পরিস্থিতিতে মেডিকেল টিম গঠন করে সেবা প্রদান করা হচ্ছে মর্মে জানান। পরিষদের পক্ষ থেকে নিরাপত্তা প্রহরী প্রদানের আহবান জানান।<br>চেয়ারম্যান, উমরপুর ইউনিয়ন পরিষদ সভায় সিকন্দরপুর স্বাস্থ্যকেন্দ্র ডাক্তার বিহীন অবস্থায় আছে। জরুরী ভিত্তিতে ডাক্তার নিয়োগ করে এলাকার মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার আহবান জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ স্বাস্থ্য সেবা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>১.২) জনসাধারণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে বিধি মোতাবেক ডাক্তার পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বন্যায় উপজেলায় কৃষকদের ক্ষয়ক্ষতি হয়েছে মর্মে জানান। | ১.১) কৃষক ও কৃষির উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান(সকল) |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বন্যায় উপজেলার খামারীদের ক্ষয়ক্ষতি হয়েছে মর্মে জানান। গো খাদ্য বিতরণ করা হয়েছে। আশ্রয়কেন্দ্রে গবাদিপশুর খাবার বিতরণ করা হয়েছে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রাণি সম্পদ বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী সপ্তাহে মৎস্য সপ্তাহ চালু হবে মর্মে জানান। বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্য খামারীদের তালিকা প্রদানের আহবান জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ মৎস্য সম্পদ বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের আঙ্গিনায় বন্যার পানি উঠায় সেবাগ্রহীতা অনেকেই ক্ষতিগ্রস্ত হচ্ছেন। স্যাটেলাইট ক্লিনিক ও উঠান বৈঠকগুলো বন্যা আশ্রয়কেন্দ্রের আশেপাশে করার নির্দেশনা দিয়েছি। আমাদের মাঠকর্মীরা আশ্রয়কেন্দ্রে যাচ্ছে এবং বিভিন্ন সাধারণ ঔষুধ যেমন-স্যালাইন, ডায়রিয়ার ঔষুধ এবং ভিটামিন জাতীয় ঔষুধ বিতরণ করেছে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ স্বাস্থ্য সেবা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।<br>চেয়ারম্যান, উমরপুর ইউনিয়ন পরিষদ সভায় মান্দারুকা আশ্রয়ণ প্রকল্পের ভিটি পানির নিচে থাকায় ভবিষ্যতে এখানে বসবাস করার অনুপযোগী হয়ে পড়েছে। এ ব্যাপারে আশু ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।<br>চেয়ারম্যান, সাদিপুর ইউনিয়ন পরিষদ সভায় বন্যা পরিবর্তী পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে ঘর মেরামতে টিন ও নির্মাণ উপকরণ পর্যাপ্ত চাহিদা রয়েছে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ গ্রামীণ অবকাঠামো উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বন্যা পরিস্থিতিতে ৬৫টি বিদ্যালয়ে পাঠদান বন্ধ এবং ১৫টি বিদ্যালয় আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ ঝরে পড়া শিশুদের শিক্ষা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এইচএসসি ও আলিম পরীক্ষা স্বাভাবিকভাবে চলছে। মাধ্যমিক পর্যায়ের বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ৩৫টি প্রতিষ্ঠানের মধ্যে ২১টি প্রতিষ্ঠানে স্থগিত রয়েছে। ১৫টি প্রতিষ্ঠানে আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখা রাখাসহ ঝরে পড়া শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা/সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিক্ষুক পূর্নবাসন এর আওতায় বরাদ্দ পাওয়া প্রদান করা হয়েছে মর্মে জানান। বিভিন্ন ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন চলছে। ভাতার আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হলে সচেতনতা বৃদ্ধির জন্য সহযোগীতা কামনা করি। উপবৃত্তির আবেদন করার জন্য সকলকে অবগত করা হয়। মোবাইল নম্বর পরিবর্তনের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিস্থাপন কার্যক্রমের তালিকা ১৫ আগস্টের মধ্যে সমাজসেবা কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>১.২) ভিক্ষুক পূর্নবাসন এর আওতায় সাদিপুর ও উছমানপুর ইউনিয়নে সেবা প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌ.), ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২৫ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে ১২টি করে নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। পানির উৎসের তালিকা প্রেরণের আহবান জানান। বন্যা পরিস্থিতিতে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট-৮৬০০০টি, জেরিক্যান-৫৫টি, হাইজিন -১৭৬টি বিতরণ করা হয়েছে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>১.২) ২০২৪-২৫ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় পানির উৎসের তালিকা বিধি মোতাবেক প্রেরণ করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ গ্রামীন জনগোষ্টির জীবন মানউন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল) |
| | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ গ্রামীন জনগোষ্টির জীবন মানউন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | |
| | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ গ্রামীন জনগোষ্টির জীবন মানউন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ দক্ষ যুব সমাজ গঠনে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পবিস-১, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বন্যা কবলিত এলাকাসহ সকল এলাকায় সর্বোচ্চ সেবা প্রদান করা হচ্ছে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, সিলেট পবিস-১/সংশ্লিষ্ট সকল। |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ সংশ্লিষ্ট সকল |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ আইন শৃংখলা রক্ষায় কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| তথ্যকেন্দ্র | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট, সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা / ইউপি চেয়ারম্যান (সকল) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রান্তিক পর্যায়ে কৃষকদের উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট সকল |
| বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ পরিবেশ রক্ষায় কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ /সংশ্লিষ্ট সকল। |
| পরিষদের স্থায়ী কমিটির সভা সংক্রান্ত | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় পরিষদের স্থায়ী কমিটি কার্যকর করার লক্ষ্যে নিয়মিত স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী দাখিলের জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানান। | ১.১। বিধি মোতাবেক বাধ্যতামূলকভাবে পরিষদের স্থায়ী কমিটি গুলির সভা করে সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৩। নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের বিভিন্ন সভা সমূহের আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, আনুষঙ্গিক ব্যয় বাবদ =৫০০০/-(পাঁচ হাজার) টাকা সহ মোট =৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১.১। উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের বিভিন্ন সভা সমূহের আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, আনুষঙ্গিক ব্যয় বাবদ =৫০০০/- (পাঁচ হাজার) টাকা সহ মোট =৩৫,০০০/- টাকা বিল সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৪। বিবিধ | উপস্থিত চেয়ারম্যানবৃন্দ সভায় স্থাবর সম্পত্তির ১% অর্থ ও হাটবাজার ইজারার ১৫% অর্থ স্ব-স্ব ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদানের আহবান জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও চেয়ারম্যান, তাজপুর ইউনিয়ন পরিষদ সভায় টিএসসি স্কুল নির্মাণের নিমিত্ত ঢাকা সিলেট মহাসড়কের পাশে সুবিধাজনক জায়গায় প্রস্তাব প্রেরণের আহবান জানান।<br>চেয়ারম্যান, উছমানপুর ইউনিয়ন পরিষদ সভায় টিসিবি কার্ড চালু করার আহবান জানান। ১৫ টাকা কেজি দরে চালবিক্রির ডিলারগণ অসদাচরণ করেন মর্মে জানান। ৫নং ওয়ার্ড এর ইউপি সদস্য জনাব আশিকুর রহমান কানাডা চলে গেছেন মর্মে সভাকে অবহিত করেন।<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় ২০২২ শুমারী মতে ২১৬৪০৬ জনসংখ্যা। পুরুষ ১০৬৫২৬ জন, মহিলা ১০৯৮৮০ জন, শিক্ষার হার ৭৬.৭৪% মর্মে জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় ইউনিয়ন ব্রান্ড তালিকা প্রেরণের আহবান জানান। মঙ্গলচন্ডী স্কুলে ছোট ইউনিয়ন ব্রান্ডিং পণ্যসমূহ রেখে যাদুঘর করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার আলোকে অর্থবছর সমাপ্তকল্পে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর প্রস্তাব উপস্থাপন করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট সভায় | ১.১) আলোচ্য বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.২) স্থাবর সম্পত্তির ১% অর্থ ও হাটবাজার ইজারার ১৫% ও উন্নয়ন তহবিলের অর্থ স্ব-স্ব ইউনিয়ন পরিষদের অনুকূলে বিধি মোতাবেক প্রদান করতে হবে।<br>১.৩) শেখ ফজিলাতুন্নেছা মাদ্রাসা আশ্রয় কেন্দ্রে মৃত ব্যক্তির দাফন বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে=১০০০০/- টাকা মাত্র বিল সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>১.৪) ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরে পত্রিকায় বিজ্ঞপ্তি বাবদ=৪৬৬৪৩৫/- টাকা মাত্র বিল সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>১.৫) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =১,৬৩,০০০০০/- (এক কোটি তেষট্টি লক্ষ টাকা মাত্র) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে শেখ ফজিলাতুন্নেছা মহিলা আশ্রয় কেন্দ্রে মৃত ব্যক্তির দাফন বাবদ=১০০০০/- টাকা মাত্র এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরে পত্রিকায় বিজ্ঞপ্তি বাবদ=৪৬৬৪৩৫/- টাকা মাত্র বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | হয়। | |

**সভাপতির সমাপনী বক্তব্য ঃ** সভাপতি ওসমানীনগর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, উপস্থিত চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শামীম আহমদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ওসমানীনগর, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৮০.০০৬.০১.০০১.১৭.২৪-৫৪৮

তারিখ ঃ ১১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১. মাননীয় প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য,সংসদীয় আসন-২৩০, সিলেট-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ,সিলেট।
৫. জেলা প্রশাসক, সিলেট।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।

১১/০৭/২৪

অনুপমা দাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ওসমানীনগর উপজেলা পরিষদ, সিলেট।
☎ ০৮২৪২-৫৬০০৩

CamScanner

**উপস্থিত ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট"ক" (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

**উপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০২. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৩. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৪. চেয়ারম্যান, উমরপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৫. চেয়ারম্যান, উছমানপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৬. চেয়ারম্যান, তাজপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৭. চেয়ারম্যান, দয়ামীর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৮. চেয়ারম্যান, গোয়ালাবাজার ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৯. চেয়ারম্যান, সাদীপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
১০. চেয়ারম্যান, বুরুঙ্গাবাজার পরিষদ, ওসমানীনগর, সিলেট।

**অনুপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১. চেয়ারম্যান, পশ্চিম পৈলনপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর,সিলেট।

**উপস্থিত কর্মকর্তা ঃ**

০১. উপজেলা নির্বাহী অফিসার, (ভারপ্রাপ্ত) ওসমানীনরগর, সিলেট।
০২. উপজেলা প্রকৌশলী, ওসমানীনগর, সিলেট।
০৩. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ওসমানীনগর,সিলেট।
০৪. উপজেলা সমাজসেবা কর্মকর্তা,ওসমানীনগর উপজেলা, সিলেট।
০৫. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ওসমানীনগর, সিলেট।
০৬. উপজেলা শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৭. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
০৯. উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ওসমানীনগর, সিলেট।
১০. তথ্যসেবা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১১. উপজেলা কৃষি কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, ওসমানীনপর, সিলেট।
১৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর,সিলেট।
১৬. ডিজিএম, পবিস-১, ওসমানীনগর, সিলেট।

**অনুপস্থিত কর্মকর্তা ঃ**

০১. উপজেলা সমবায় কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
০২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ওসমানীনগর, সিলেট।
০৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
০৪. উপজেলা বন কর্মকর্তা, ওসমানীনগর,সিলেট।
০৫. উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৭. উপজেলা নির্বাচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৮. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ওসমানীনগর, সিলেট।
০৯. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ওসমানীনগর, সিলেট।

CamScanner